

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৫৮.২০১৭- ৩৮

তারিখঃ ২৬ পৌষ ১৪২৪  
০৯ জানুয়ারি ২০১৮


বিষয় : রীট পিটিশন নং-১৭১৫৭/২০১৭, [ পিটিশনার জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিতা- মোহাম্মদ আলি সরদার, গ্রাম-ডাংগাপাড়া বদলখালী, পোস্ট- ধোরাইল, থানা ও জেলা পরিষদ -নাটোর ও অন্যান্য ৯ জন - বনাম - সরকার ও অন্যান্য ] এর সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্টার কর্তৃক ১২.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৪.১২.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, এমপিও ভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন গ্রহণকারী জেলা পরিষদের সদস্যগণের সম্মানীভাতা প্রদান সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ১৭.১০.২০১৭ খ্রিঃ তারিখের ২০১০ নং পত্র চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ২১ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত পত্র কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত পত্রটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৬(ছয়) মাসের জন্য স্থগিত করেছেন।

২। এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণপূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলা প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ১(এক) ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব (আইন-১)  
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

বিজ্ঞ সলিসিটর  
সলিসিটর উইং  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।